# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

(২৫) অন্তরের গভীর থেকে (لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ_লা-ইলাহা ইল্লাল্লাহ)এর মর্মকে সত্য বলে মেনে নেয়ার পক্ষে কুরআন ও হাদীছের দলীল কি?

অন্তরের গভীর থেকে (لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ_লা-ইলাহা ইল্লাল্লাহ)এর মর্মকে সত্য বলে মেনে না নেয়া পর্যন্ত কোন ব্যক্তিই মুমিন হিসাবে গণ্য হবে না। এ ব্যাপারে কুরআন ও হাদীছের দলীলসমূহ গণনা করে শেষ করা যাবে না। আল্লাহ তা’আলা বলেনঃ

أَحَسِبَ النَّاسُ أَنْ يُتْرَكُوا أَنْ يَقُولُوا آمَنَّا وَهُمْ لاَ يُفْتَنُونَ * وَلَقَدْ فَتَنَّا الَّذِينَ مِنْ قَبْلِهِمْ فَلَيَعْلَمَنَّ اللَّهُ الَّذِينَ صَدَقُوا وَلَيَعْلَمَنَّ الْكَاذِبِينَ

“মানুষ কি মনে করে যে, তারা এ কথা বলেই রেহাই পেয়ে যাবে যে, আমরা বিশ্বাস স্থাপন করেছি এবং তাদেরকে পরীক্ষা করা হবে না? আমি তাদেরকেও পরীক্ষা করেছি, যারা তাদের পূর্বে ছিল। আল্লাহ্ অবশ্যই জেনে নেবেন কারা সত্যবাদী এবং নিশ্চয়ই জেনে নেবেন মিথ্যাবাদীদেরকে’’। (সূরা আনকাবুতঃ ২-৩) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(مَا مِنْ أَحَدٍ يَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ صِدْقًا مِنْ قَلْبِهِ إِلاَّ حَرَّمَهُ اللَّهُ عَلَى النَّارِ)

“যে ব্যক্তি অন্তর থেকে সত্য মনে করে ‘লা-ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর্ রাসূলুল্লাহ্’ পাঠ করবে আল্লাহ তাকে জাহান্নামের জন্য হারাম করে দিবেন’’।[1] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদা কোন একজন গ্রাম্য লোককে দ্বীনের বিভিন্ন বিষয় শিক্ষা দিলেন। গ্রাম্য লোকটি ফেরত যাওয়ার সময় বললঃ আল্লাহর শপথ! আমি এর চেয়ে বেশীও করবো না কমও করবো না। তার কথা শুনে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ

(أَفْلَحَ إِنْ صَدَقَ)

“লোকটি যদি সত্য বলে থাকে তাহলে অবশ্যই সফলকাম হবে’’।[2]

## ফুটনোট

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল ইল্ম।

[2] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল ঈমান, অনুচ্ছেদঃ যাকাত ইসলামের রুকন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2043

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন